দৈনিক ইত্তেফাক

তারিখ 03 MAR 1996
পৃষ্ঠা ১২ কলাম ৪

# অনানুষ্ঠানিক শিক্ষার জন্য বিশ্বব্যাংকের ১ কোটি ৫ লক্ষ ডলার ঋণ

বিশ্বব্যাংক গতকাল (শনিবার) বাংলাদেশের অনানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের জন্য ১ কোটি ৫ লক্ষ ডলারের একটি ঋণ অনুমোদনের বিষয় ঘোষণা করিয়াছে। এই প্রকল্পের অধীনে দেশের ১৫-২৪ বছর বয়সী ২৫ লক্ষ কিশোর ও তরুণ বয়স্কদের শিক্ষার দ্বিতীয়

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## অনানুষ্ঠানিক শিক্ষার জন্য

(শেষ পৃঃ পর)

সুযোগ প্রদান করা হইবে। বিশ্ব ব্যাংকের সহজশর্তে ঋণদানের অঙ্গ প্রতিষ্ঠান আন্তর্জাতিক উন্নয়ন সমিতি (আইডিএ) এই ঋণের যোগান দিবে। দেশের নিম্নতম স্বাক্ষর হারের তথা দরিদ্রতম ৩৩টি জেলা এই সুযোগ পাইবে। সুযোগপ্রাপ্তদের অর্ধেক হইবে মহিলা। মৌলিক স্বাক্ষরতার কর্মসূচী এবং পুষ্টি, স্বাস্থ্যরক্ষা, পরিবার পরিকল্পনা, নাগরিক অধিকার এবং আয়-উপার্জন সৃষ্টির মাধ্যমসহ জীবনমানের নৈপুণ্য অর্জন এই শিক্ষার অন্তর্ভুক্ত। ইহা বর্ধিত অর্থনৈতিক উৎপাদনশীলতা, উন্নত স্বাস্থ্য ও পরিবারসমূহের জন্য শিক্ষার ব্যবস্থা ও কম সন্তান উৎপাদনের সহায়ক হইবে। —প্রেস বিজ্ঞপ্তি